Bangladesh

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
প্রত্নতত্ত্ব অধিদপ্তর
এফ-৪/এ, আগারগাঁও প্র/এ
শেরেবাংলানগর, ঢাকা-১২০৭
www.archaeology.gov.bd

মুজিব শতবর্ষ

## প্রত্নতত্ত্ব অধিদপ্তরের ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন সংক্রান্ত ৪র্থ সভার কার্যবিবরণী।

সভাপতি : রতন চন্দ্র পন্ডিত
তারিখ : ১৮ মে, ২০২২
সময় : দুপুর ২.০০ টা
স্থান : অধিদপ্তরের সভাকক্ষ
উপস্থিতি : এপিএ টীমের সদস্যবৃন্দ

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি প্রত্নতত্ত্ব অধিদপ্তরের ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সকল কর্মসম্পাদন সূচক উল্লেখপূর্বক সকল কার্যক্রম যথাসময়ে সম্পাদন করার ব্যাপারে গুরুত্বারোপ করেন। সভায় বিস্তারিত আলোচনা এবং পর্যালোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| আলোচ্য বিষয় | আলোচনা/ অগ্রগতি | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| প্রত্নতত্ত্ব অধিদপ্তরের কর্মসম্পাদন ক্ষেত্রসমূহ | | | |
| ১.১.১ চিহ্নিত স্থাপনা ও স্থানান্তরযোগ্য নিদর্শন | উপপরিচালক (প্রত্নসম্পদ ও সংরক্ষণ) জানান যে, ২০২১-২২ অর্থবছরে ৫৬৫টি নিদর্শনের মধ্যে এ পর্যন্ত ৩৩৫টি অর্জিত হয়েছে। অবশিষ্ট ২৩০টি চিহ্নিত স্থাপনা ও স্থানান্তরযোগ্য নিদর্শন এর প্রমানক চলতি মাসের মধ্যে প্রস্তুত করা প্রয়োজন। | আঞ্চলিক পরিচালকগণ তাদের কার্যালয়ের জন্য নির্ধারিত সংগ্রহিত প্রত্ননিদর্শনের প্রমানক আগামী ০৭জুন, ২০২২ এর মধ্যে প্রধান প্রেরণ করবেন। | সকল আঞ্চলিক পরিচালকগণ |
| ১.১.২ উপজেলা ওয়ারী জরিপ<br>১.১.৩ জরিপ প্রতিবেদন প্রণয়ন | উপপরিচালক (প্রত্নসম্পদ ও সংরক্ষণ) জানান যে, ২য় ত্রৈমাসিকে ০১টি এবং ৩য় ত্রৈমাসিকে ০৩টি এবং ৪র্থ ত্রৈমাসিকে ০২টিসহ মোট-০৬টি উপজেলায় জরিপ সম্পন্ন হয়েছে। সম্পন্নকৃত জরিপের প্রাথমিক প্রতিবেদন প্রণয়নের কাজ চলমান রয়েছে। উক্ত প্রতিবেদনসমূহ প্রধান কার্যালয়ে প্রেরণের জন্য সকল আঞ্চলিক পরিচালকগণকে বলা যেতে পারে। এ বিষয়ে উপস্থিত সকলে একমত পোষণ করেন। | সম্পাদিত উপজেলাসমূহের ওয়ারী জরিপের প্রাথমিক প্রতিবেদন আগামী ০৭ জুন,২০২২ তারিখের মধ্যে আঞ্চলিক পরিচালকের দপ্তর হতে প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। | সকল আঞ্চলিক পরিচালকগণ |
| প্রত্নতত্ত্ব অধিদপ্তরের কর্মসম্পাদন ক্ষেত্রসমূহ | | | |
| ১.২.১ উৎখননকৃত স্থাপনা | মহাপরিচালক সভায় উপস্থিত সকলকে জানান যে, কুমিল্লা জেলার শালবন বিহারের পশ্চিম ও উত্তর পশ্চিম অংশে, কিশোরগঞ্জ জেলার শাহ গরীবুল্লাহ মাজার সংলগ্ন ঢিবি, বগুড়া জেলার বৈরাগির ভিটা এবং খুলনা জেলার কপিলমুনি প্রত্নস্থলের উৎখনন প্রত্নতত্ত্ব অদিদপ্তরের উর্ধ্বতন কর্মকর্তাসহ ইতোমধ্যে পরিদর্শন করেছেন। তিনি আরো বলেন এসব প্রত্নস্থলের উৎখনন শেষ পর্যায়ে রয়েছে। উল্লিখিত প্রত্নতাত্ত্বিক স্থানে উৎখননের প্রাথমিক প্রতিবেদন আঞ্চলিক কার্যালয় হতে প্রস্তুতকরে এ দপ্তরে প্রেরণ করার বিষয়ে সকলে গুরুত্ব আরোপ করেন। | প্রাথমিক খনন প্রতিবেদন প্রণয়ন করে আগামী ০৭ জুন,২০২২ তারিখের মধ্যে আঞ্চলিক কার্যালয়সমূহ হতে এ দপ্তরে প্রেরণ করতে হবে। | সকল আঞ্চলিক পরিচালকগণ |
| ২.১.১ ও ২.২.১ দর্শনার্থী (প্রত্নস্থল ও জাদুঘর)<br>২.২.২ শিশু দর্শনার্থী | প্রত্নস্থল দর্শনার্থী, জাদুঘর দর্শনার্থী ও শিশু দর্শনার্থীর সংখ্যা লক্ষ্যমাত্রা অনুযায়ি অর্জনের জন্য সভায় বিস্তারিত অলোচনা হয়। | প্রত্নস্থল দর্শনার্থী, জাদুঘর দর্শনার্থী ও শিশু দর্শনার্থীর প্রতিবেদন যথাসময়ে এ দপ্তরে প্রেরণ করতে হবে। | সকল আঞ্চলিক পরিচালকগণ |

| আলোচ্য বিষয় | আলোচনা/ অগ্রগতি | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ২.১.২ সেমিনার/ওয়ার্কশপ | সেমিনার/ওয়ার্কশপ সম্পর্কে আলোচনার শুরুতে উপপরিচালক (প্রকাশনা) জানান যে, প্রধান কার্যালয়ে ইতোমধ্যে ০২টি সেমিনার সম্পন্ন হয়েছে এবং আগামী ২৩-০৫-২০২২ তারিখে আরেকটি সেমিনার অনুষ্ঠিত হবে। এছাড়া ঢাকা আঞ্চলিক কার্যালয়ের সেমনিার সম্পন্ন হয়েছে এবং আগামী ২০ মে,২২ কুমিল্লায়, ২৭ মে, কুষ্টিয়ায়, ২৮ মে,২২ তারিখে পাবনা জেলার তাড়াশ ভবনে সেমিনার অনুষ্ঠিত হবে। অনুষ্ঠিতব্য সেমিনারে সংশ্লিষ্ট সকলকে উপস্থিত হওয়ার জন্য মহাপরিচালক মহোদয় নির্দেশনা প্রদান করেন। | সেমিনার/ওয়ার্কশপ এর প্রমাণক আঞ্চলিক কার্যালয়সমূহ হতে এ দপ্তরে প্রেরণ করতে হবে। অনুষ্ঠিতব্য সেমিনারে সংশ্লিষ্ট সকলকে উপস্থিত হতে হবে। | উপপরিচালক (প্রকা:), আঞ্চলিক পরিচালক (কুমিল্লা,খুলনা ও রাজশাহী) |
| ২.১.৩ আয়োজিত প্রদর্শনী | উপপরিচালক (প্রত্নসম্পদ ও সংরক্ষণ) জানান যে, প্রত্নসম্পদ ও সংরক্ষণ শাখা কর্তৃক 'তাম্র ফলক' এর উপর একটি প্রদর্শনী সম্পন্ন করা হয়েছে। আলোচনার এ পর্যায়ে মহাপরিচালক মহোদয় সকলকে অবহিত করেন যে, বগুড়া জেলার বৈরাগির ভিটা,বাগেরহাট জেলার খান জাহান আলীর (রহ:) বসত ভিটা এবং কিশোরগঞ্জ জেলার শাহ গরীবুল্লাহ মাজার সংলগ্ন ঢিবি খননে প্রাপ্ত প্রত্নবস্তুর প্রদর্শনীতে তিনিসহ অধিদপ্তরের উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। | প্রত্নবস্তুর প্রদর্শনীর প্রমাণক আগামী ০৭ জুন,২০২২ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ের এবং আঞ্চলিক কার্যালয়সমূহ হতে এ দপ্তরে প্রেরণ করতে হবে। | সকল আঞ্চলিক পরিচালকগণ |
| ৩.১.১ সংগৃহীত গবেষনামূলক গ্রন্থ | গবেষণামূলক গ্রন্থ সংগ্রহের লক্ষ্যমাত্রা ৪৭৩টি ইতোমধ্যে অর্জন হয়েছে ২৯৩টি অবশিষ্ট গবেষাণামূলক গ্রন্থ যথাসময়ের মধ্যে সংগ্রহের নিমিত্ত উপপরিচালক (প্রকাশনা) এবং সংশ্লিষ্ট আঞ্চলিক পরিচালকগণকে অগ্রণী ভুমিকা গ্রহণ করার বিষয়ে সভার সকলে একমত পোষণ করেন। | উপপরিচালক (প্রকাশনা) এবং সংশ্লিষ্ট আঞ্চলিক পরিচালকগণ গবেষনামূলক গ্রন্থ সংগহ করে এ দপ্তরে প্রমানক করবেন। | উপপরিচালক (প্রকাশনা) এবং সংশ্লিষ্ট আঞ্চলিক পরিচালকগণ |
| ৩.১.২ প্রকাশিত গ্রন্থ/ ফোল্ডার/ব্রুশিয়ার/ খনন বা জরিপ প্রতিবেদন | প্রকাশিত গ্রন্থ/ ফোল্ডার/ ব্রুশিয়ার/ খনন বা জরিপ প্রতিবেদন গ্রন্থ লক্ষ্যমাত্রা অর্জনের জন্য নির্ধারিত সময়ের মধ্যে শতভাগ কাজ সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে আরো সচেষ্ট হওয়ার জন্য মহাপরিচালক মহোদয় অনুরোধ করেন। | লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ে অর্জন নিশ্চিত করতে হবে। | উপপরিচালক (প্রকাশনা, প্রত্নসম্পদ ও সংরক্ষণ শাখা) এবং সহ:পরি: (প্রকাশনা) |
| ৩.২.১ অভ্যন্তরীন প্রশিক্ষণ | অভ্যন্তরীণ প্রশিক্ষণ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (২০২১-২২) অনুযায়ী লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ে অর্জন হবে। এ বিষয়ে উপপরিচালক (প্রশাসন) ও উপপরিচালক (প্রকাশনা) সকলকে অবহিত করেন। | লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ে অর্জন নিশ্চিত করতে হবে। | আঞ্চলিক পরিচালকগণ উপপরিচালক (প্রশাসন) ও উপপরিচালক (প্রকাশনা) |
| ৩.৩.১ প্রত্নবার্তা প্রকাশ | উপপরিচালক (প্রকাশনা) সভায় উপস্থিত সকলকে জানান যে, ৩০/১২/২০২১ তারিখে প্রত্নবার্তা প্রকাশ করা হয়েছে। | প্রমাণক সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করতে হবে। | উপপরিচালক (প্রকাশনা) |
| ৩.৪.১ মুজিব বর্ষ উপলক্ষ্যে বৃক্ষ রোপন কর্মসূচি গ্রহণ | মুজিব বর্ষ উপলক্ষ্যে বৃক্ষ রোপনের লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ের মধ্যে অর্জন করার বিষয়ে সভায় আলোচনা হয়। মুজিব বর্ষ উপলক্ষ্যে বৃক্ষ রোপন কর্মসূচির লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত আঞ্চলিক পরিচালকগণ যথাযথ উদ্যোগ করার জন্য সকলে একমত পোষণ করেন। | আঞ্চলিক পরিচালকগণ বৃক্ষ রোপনের প্রমাণক অবিলম্বে প্রেরণ করবেন। | আঞ্চলিক পরিচালকের কার্যালয়, ঢাকা |

| আলোচ্য বিষয় | আলোচনা/ অগ্রগতি | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৪.১.১ স্থাপত্যিক পুরাকীর্তির সংস্কার-সংরক্ষণ পূর্ববর্তী ডকুমেন্টেশন<br>৪.১.২ স্থাপত্যিক পুরাকীর্তির সংস্কার-সংরক্ষণ পরবর্তী ডকুমেন্টেশন | সভায় স্থাপত্যিক পুরাকীর্তির সংস্কার-সংরক্ষণ কার্যক্রম সম্পাদন এবং পূর্ববর্তী ও পরবর্তী ডকুমেন্টেশন তৈরির কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যেই সম্পন্ন করার বিষয়ে গুরুত্বারোপ করেন। | স্থাপত্যিক পুরাকীর্তির সংস্কার-সংরক্ষণ পূর্ববর্তী ডকুমেন্টেশন প্রস্তুত করে সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করতে হবে। | আঞ্চলিক পরিচালকগণ ও প্রত্নতাত্ত্বিক প্রকৌশলী |
| ৪.১.৩ স্থাপত্যিক পুরাকীর্তির রাসায়নিক সংস্কার-সংরক্ষণ | রাসায়নিক সংস্কার-সংরক্ষণ কার্যক্রমের মোট লক্ষ্যমাত্রা ৪টি নির্ধারিত সময়ের মধ্যেই সম্পন্ন করার বিষয়ে গুরুত্বারোপ করা হয়। | লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ে অর্জন নিশ্চিত করতে হবে। | আঞ্চলিক পরিচালকগণ ও প্রত্নতাত্ত্বিক রসায়নবিদ |

০২। সভাপতি সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়ন করার জন্য গুরুত্বারোপ করেন এবং গঠনমূলক আলোচনার জন্য সকলকে ধন্যবাদ জানিয়ে আর কোনো আলোচনা না থাকায় সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৪/৭/২০২২

(রতন চন্দ্র পন্ডিত)
মহাপরিচালক
ফোন : ০২ - ৪১০ ২৪৬ ৫০

নম্বর: ৪৩.২৩.০০০০.১২৩.১৬.০০১.২১ . ২৭০

তারিখ: ১০ জ্যৈষ্ঠ ১৪২৯ বঙ্গাব্দ
২৪ মে ২০২২ খ্রিষ্টাব্দ

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১। জনাব মাইনুর রহিম, উপপরিচালক (প্রশাসন) অ.দা., প্রত্নতত্ত্ব অধিদপ্তরঢাকা ,।
২। খোন্দকার জাহিদুল করিম, প্রত্নতাত্ত্বিক প্রকৌশলী, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, ঢাকা।
৩। জনাব মোঃ আমিরুজ্জামান, উপপরিচালক (প্রত্নসম্পদ), প্রত্নতত্ত্ব অধিদপ্তর, ঢাকা।
৪। জনাব মোঃ লিয়াকত আলী, প্রত্নতাত্ত্বিক রসায়নবিদ, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, ঢাকা।
৫। জনাব মোঃ আতোয়ার রহমান, সহকারী পরিচালক (প্রশাসন), প্রত্নতত্ত্ব অধিদপ্তর, ঢাকা।
৬। জনাব মোঃ মহিদুল ইসলাম, সহকারী পরিচালক (প্রকাশনা), প্রত্নতত্ত্ব অধিদপ্তর, ঢাকা।
৭। হিসাব রক্ষণ কর্মকর্তা (অ:দা:), প্রত্নতত্ত্ব অধিদপ্তর, ঢাকা।
৮। জনাব শংকর কুমার রায়, অফিস তত্ত্বাবধায়ক, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, ঢাকা।
৯। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২৪/০৫/২০২২
(মোঃ আতোয়ার রহমান)
সহকারী পরিচালক (প্রশাসন)